

# নোবেলজয়ী বাঙালি

## রবীন্দ্রনাথ ঠাকুর



রবীন্দ্রনাথ ঠাকুর (Rabindranath Tagore) ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ (৭ মে, ১৮৬১ খ্রি.) কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর বাড়িতে জন্মগ্রহণ করেন। জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের আসল পদবী ছিল 'কুশারী'। পারিবারিকভাবে তাঁরা জমিদার ছিলেন। রবীন্দ্রনাথের পূর্বপুরুষেরা বাংলাদেশের বর্তমানে খুলনা জেলার রূপসা উপজেলার পিঠাভোগে বাস করতেন। তাঁর পিতার নাম ছিল মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং মাতার নাম সারদা দেবী। ১৮৬৩ সালে রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর বোলপুরে 'শান্তি নিকেতন' নামক একটি আশ্রম প্রতিষ্ঠা করেন। ১৯০১ সালে রবীন্দ্রনাথ ঠাকুর শান্তি নিকেতনে 'ব্রহ্মচর্যাশ্রম' নামক বিদ্যাপীঠ প্রতিষ্ঠা করেন যা ১৯২১ সালে 'বিশ্বভারতী' বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রতিবাদে তীব্র আন্দোলন গড়ে তোলেন। হিন্দু-মুসলমানের মিলনের জন্য তিনি রাখি উৎসবের প্রচলন করেন। ১৯১৩ সালের নভেম্বর মাসে 'গীতাঞ্জলি' কাব্যের জন্য সাহিত্যে নোবেল পুরস্কার পান। তিনি নোবেলজয়ী প্রথম ভারতীয় তথা এশীয়। রবীন্দ্রনাথ ঠাকুর নিজেই 'গীতাঞ্জলি' ইংরেজিতে অনুবাদ করেন। ইংরেজিতে অনূদিত গীতাঞ্জলি গ্রন্থটির (Song Offerings) ভূমিকা লেখেন W. B. Yeats। কবি অমিয় চক্রবর্তী বিশ্বকবির ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করেন। ১৯১৫ সালে তৎকালীন ভারত সরকার তাকে 'স্যার' বা 'নাইট' উপাধি প্রদান করে। ১৯১৯ সালে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে 'নাইট' উপাধি ত্যাগ করেন। ১৯১৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ১৯৪০ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় তাঁকে ডক্টরেট ডিগ্রি প্রদান করে। ১৯৩০ সালে জার্মানিতে আইনস্টাইনের সাথে তাঁর সাক্ষাত হয়। সাক্ষাতে তিনি দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেন। সিরাজগঞ্জের শাহজাদপুর, কুষ্টিয়ার শিলাইদহ, নওগাঁর পতিশ্বর প্রভৃতি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত স্থান। রবীন্দ্রনাথ ঠাকুর ২বার (১৮৯৮খ্রি., ১৯২৬ খ্রি.) ঢাকায় আসেন। ২২ শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ (৭ আগস্ট, ১৯৪১ খ্রি.) তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ২০০৪ সালের ২৪ মার্চ 'শান্তি নিকেতন' হতে তার নোবেল পুরস্কার চুরি যায়।



## অমর্ত্য সেন

অমর্ত্য সেন (Amartya Sen) ১৯৩৩ সালে ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস বাংলাদেশের মানিকগঞ্জ জেলায়। তিনি জনকল্যাণ অর্থনীতি, দুর্ভিক্ষ-ক্ষুধা এবং দারিদ্র্যের অন্তর্নিহিত কারণ নিয়ে গবেষণা করেন।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



স্বীকৃতিস্বরূপ ১৯৯৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন। অমর্ত্য সেন বর্তমানে হার্ভার্ড বিশ্বদ্যালয়ের দর্শনের অধ্যাপক। তিনি ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। তিনি ভারতের নালন্দা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের প্রথম আচার্য ছিলেন। নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি দ্বিতীয় বাঙালি, উপমহাদেশে ষষ্ঠ এবং ২৭তম এশীয়। তিনি অর্থনীতিতে নোবেল জয়ী প্রথম এশীয়। তাঁর বিখ্যাত গ্রন্থ 'Poverty and Famine', 'The Idea of Justice', 'Identity and Violence: The illusion of destiny'।

## ড. মুহাম্মদ ইউনূস



ড. মুহাম্মদ ইউনূস (Dr. Muhammad Yunus) বাংলাদেশী নোবেল বিজয়ী ব্যাংকার ও অর্থনীতিবিদ। তিনি ১৯৪০ সালে চট্টগ্রামের হাটহাজারী উপজেলার বাথুয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিষয়ের একজন শিক্ষক ছিলেন। তিনি ক্ষুদ্রঋণ (Microcredit) এবং 'সামাজিক ব্যবসা' ধারণার প্রবর্তক। তিনি গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা। মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংক যৌথভাবে ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি প্রথম বাংলাদেশি, তৃতীয় বাঙালি, উপমহাদেশের সপ্তম এবং ৩৮তম এশীয়। শান্তিতে নোবেল পুরস্কার প্রাপ্তির দিক থেকে তিনি দক্ষিণ এশিয়ার মধ্যে দ্বিতীয়। তিনি ম্যাগসেসে পুরস্কার (১৯৮৪ খ্রি.), স্বাধীনতা দিবস পদক (১৯৮৭ খ্রি.), আগা খান পুরস্কার (১৯৮৯ খ্রি.), মহাত্মা গান্ধী পুরস্কার (২০০২ খ্রি:), যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক পদক 'প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম' (২০০৯ খ্রি.), যুক্তরাষ্ট্রের 'কনগ্রেশনাল গোল্ড মেডেল' (২০১০ খ্রি:) সহ অনেক পুরস্কার লাভ করেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে' এবং 'Banker to the Poor'।

BCS Spotlight

## MCQ Solution

১. রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম তারিখ ২৫ বৈশাখ ১৮৬১ সালের মে মাসের কোন তারিখ ছিল? [প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক : ০১],

ⓚ ৬ ⓚ ৭
ⓖ ৮ ⓖ ৯

উত্তর: খ

(ক) ৬ (খ) ৭ (গ) ৮ (ঘ) ৯

২. রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম—[সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫/ সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের অফিসার : ০৮]

(ক) ১৮৬১ খ্রিস্টাব্দে ৭ মে (খ) ১৮৫১ খ্রিস্টাব্দে ৭ জুন
(গ) ১৮৩৮ খ্রিস্টাব্দে ৫ মে (ঘ) ১৮৪১ খ্রিস্টাব্দে ৭ জুন

উত্তর: ক

৩. রবীন্দ্রনাথ ঠাকুরের কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন বাংলা — [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ বাংলাদেশ ব্যাংকে সহকারী পরিচালক : ০৮]

(ক) ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দে (খ) ৭ বৈশাখ, ১২৭৮ বঙ্গাব্দে
(গ) ২৭ বৈশাখ, ১৩৫৭ বঙ্গাব্দে (ঘ) ২৪ বৈশাখ, ১৩৬৮ বঙ্গাব্দে
(ঙ) কোনোটিই নয়

উত্তর: ক

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৪. কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম-শতবার্ষিকী পালিত হয়? [১৩তম বিসিএস]
ⓚ ১৯৫১  ⓛ ১৯৬১
ⓜ ১৯৭১  ⓝ ১৯৮১
উত্তর: খ
ব্যাখ্যা : ১৮৬১ খ্রি: + ১০০ বছর = ১৯৬১ খ্রি:

৫. ২০১১ সালে সার্ধশত জন্মবার্ষিকী পালিত হয়– [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুরের  ⓛ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের
ⓜ মীর মশাররফ হোসেনের  ⓝ প্রমথ চৌধুরীর
উত্তর: ক
ব্যাখ্যা : ১৮৬১ খ্রি: + ১৫০ বছর = ২০১১ খ্রি:

৬. 'সার্ধশত' শব্দটির অর্থ কি? [ব্যাংক এশিয়া লি. (এমটিও) : ১১]
ⓚ ৫০  ⓛ ১০০  ⓜ ১৫০
ⓝ ২০০  ⓞ ২৫০
উত্তর: গ

৭. 'ঠাকুর' পরিবারের আসল পদবি ছিল– [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫/ ৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
ⓚ কুশারী  ⓛ মুখোপাধ্যায়
ⓜ শাস্ত্রী  ⓝ ঘোষ
উত্তর: ক

৮. কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর মৃত্যুবরণ করেন – [সাব-রেজিস্ট্রার : ০১]
ⓚ ১৯৩৮ সালে  ⓛ ১৯৪১ সালে
ⓜ ১৯৪২ সালে  ⓝ ১৯৪০ সালে
উত্তর: খ

৯. ২২ শ্রাবণ কেন স্মরণীয়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা : ১২]
ⓚ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস
ⓛ কবি নজরুল ইসলামের মৃত্যু বার্ষিকী
ⓜ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন
ⓝ কবি জীবনানন্দ দাশের জন্মদিন
উত্তর: ক

১০. Which Bengali poet was awarded the title 'Knight'?/কোন বাঙালি কবি 'নাইট' উপাধি পেয়েছিলেন? [Bangladesh Bank Asst. Director : 04]
ⓐ Kazi Nazrul Islam  ⓑ Shukumar Roy
ⓒ Rabindranath Tagore  ⓓ Satyendranath Datta
ⓔ Madhusudon Datta
Ans. c

১১. রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট' উপাধি ত্যাগ করেন- [আমদানি -রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]
ⓚ ১৯১৩  ⓛ ১৯১৫
ⓜ ১৯১৭  ⓝ ১৯১৯
উত্তর: ঘ

১২. বিশ্বকবি রবীন্দ্রনাথ বিশ্ব বিজ্ঞানী এর সাথে দর্শন, মানুষ ও বিজ্ঞান নিয়ে আলাপচারিতা করেছিলেন- [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপসহকারী পরিচালক : ০১]
ⓚ নিউটন  ⓛ আইনস্টাইন
ⓜ শ্রডিঞ্জার  ⓝ ম্যাক্স প্লাংক
উত্তর: খ

১৩. রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় ছিলেন না? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ১০]
ⓚ শাহজাদপুর  ⓛ শিলাইদহ
ⓜ মনপুরা  ⓝ পতিশ্বর
উত্তর : গ

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza   Edited by : Ajgar Ali   Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৪. কবি রবিঠাকুরের স্মৃতিবিজড়িত শিলাইদহ কোন জেলায়? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫]
ⓚ রাজশাহী ⓚ কুষ্টিয়া
ⓖ কুমিল্লা ⓖ ঢাকা উত্তর: খ

১৫. রবীন্দ্রনাথ ঠাকুর কতবার ঢাকায় এসেছিলেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১ - ১২]
ⓚ এক ⓚ দুই
ⓖ তিন ⓖ চার উত্তর: খ

১৬. 'বিশ্বভারতী' কে প্রতিষ্ঠা করেন? [প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক : ০১]
ⓚ মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ অবনীন্দ্রনাথ ঠাকুর ⓖ রথীন্দ্রনাথ ঠাকুর উত্তর: খ

১৭. **Who was the founder of '*Santiniketan*'?** [Bangladesh Krishi Bank Officer : 12]
ⓐ Dwarkanath Tagore ⓑ Rabindranath Tagore
ⓒ Abanindranath Tagore ⓓ Debendranath Tagore **Ans. d**

১৮. এশিয়ার প্রথম নোবেল পুরস্কার বিজয়ী হলেন- [শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক : ০১]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ বিজ্ঞানী সি. ভি. রমন
ⓖ হরগোবিন্দ খোরানা ⓖ পদার্থবিদ চন্দ্রশেখর উত্তর: ক

১৯. সাহিত্যে নোবেল পুরস্কার পান প্রথম ভারতীয়-[তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) : ০১]
ⓚ স্যার ইকবাল ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ কৃষণ চন্দর ⓖ নীরোদ চৌধুরী উত্তর: খ

২০. নোবেল পুরস্কার বিজয়ী প্রথম বাঙালির নাম কি? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]
ⓚ ড. মুহাম্মদ ইউনূস ⓚ আর কে নারায়ণ
ⓖ অমর্ত্য সেন ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর উত্তর: ঘ

২১. **What was the name of the book that earned the Nobel Prize for Rabindranath Tagore?** [Bangladesh Bank Asst. Director : 12/ IFIC Bank Ltd. Probationary Officer: 12/ Bangladesh Bank Senior Officer 06]

**Or,**

রবীন্দ্রনাথ ঠাকুর কোন গ্রন্থ রচনার জন্য নোবেল পুরস্কার পান? [সহকারী থানা শিক্ষা অফিসার : ১৫ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩ / সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫]
ⓐ Geetanjali ⓑ Choker Bali ⓒ Kapal Kundala
ⓓ Rajtarangini ⓔ None of them **Ans. a**

২২. **For which literacy work was Rabindranath Tagore awarded with the Nobel prize?/ রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কোন সাহিত্যকর্মের জন্য নোবেল পুরস্কার লাভ করেন?** [National Bank Ltd. MTO : 10]
ⓐ Khanika ⓑ Sonartori ⓒ Song Offering
ⓓ Sanchita ⓔ None of these **Ans. c**

২৩. গীতাঞ্জলি কাব্যের ইংরেজি অনুবাদের নাম কি? [তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : ১১/ ন্যাশনাল ব্যাংক লি. (এমটিও) : ১০]
ⓚ Song Book ⓚ Song Offerings ⓖ Song Collection
ⓖ Song ⓤ কোনোটিই নয় উত্তর : খ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

২৪. **Who wrote the introduction of the book '*Song Offerings*' of Rabindranath Tagore?/ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত '*Song Offerings*' গ্রন্থের ভূমিকা লিখেন কে?** [SIBL Probationary Officer: 13]

ⓐ Rabindranath Tagore ⓑ W. B. Yeats ⓒ George Eliot
ⓓ Robert Browning ⓔ Robert Frost **Ans. b**

২৫. **রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার লাভ করেন-** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট : ১৫/ পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০ / সহকারী থানা শিক্ষা অফিসার : ০৯ / প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ⓚ ১৯০৫ সালে ⓚh ১৯১৩ সালে
ⓖ ১৯২৩ সালে ⓖh ১৯২৫ সালে **উত্তর: খ**

২৬. **রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন-** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসার : ০৩]

ⓚ আগস্ট, ১৯১৩ খ্রিস্টাব্দে ⓚh সেপ্টেম্বর, ১৯১৩ খ্রিস্টাব্দে
ⓖ অক্টোবর, ১৯১৩ খ্রিস্টাব্দে ⓖh নভেম্বর, ১৯১৩ খ্রিস্টাব্দে **উত্তর: ঘ**

২৭. **The poet who acted as a personal secretary to Rabindranath tagore is-/ কোন কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করেন?** [Shahjalal Islami Bank Ltd. MTO: 13]

ⓐ Amiya Chakravarty ⓑ Buddhadeb Basu ⓒ Ajit Dutta
ⓓ Ananda Shankar Ray ⓔ Ananda Shankar Ray **Ans. a**

২৮. **জন্মসূত্রে বাঙালি যে অর্থনীতিবিদ নোবেল পুরস্কার পান তাঁর নাম-** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ⓚ ড. ইউনূস ⓚh রহমান মোল্লা
ⓖ সামসুল হক ⓖh অমর্ত্য সেন **উত্তর: ঘ**

২৯. **কোন বাঙালি অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (অর্থনীতি বিভাগ): ০৮-০৯]

ⓚ প্রফেসর মুহাম্মদ ইউনূস ⓚh প্রফেসর নূরুল ইসলাম
ⓖ প্রফেসর অমর্ত্য সেন ⓖh ড. দেবপ্রিয় ভট্টাচার্য **উত্তর: গ**

৩০. **Amartya Sen was awarded the Noble Prize for his work on** -[Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13/ Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer: 08]

**Or,**

**অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান?** [২২তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার : ১২/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১০ - ১১]

ⓐ Food and nutrition (খাদ্য ও পুষ্টি) ⓑ Micro-credit (ক্ষুদ্রঋণ)
ⓒ International trade (আন্তর্জাতিক বাণিজ্য) ⓓ Famine and poverty (দুর্ভিক্ষ ও দারিদ্র)
ⓔ None of these **Ans. d**

৩১. **Who is famous for his research works on poverty and famine?/ কে দারিদ্র্য এবং দুর্ভিক্ষের উপর গবেষণার জন্য বিখ্যাত?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 10/ Bangladesh Bank Asst. Director : 04]

ⓐ Amartya Sen ⓑ J M Keynes ⓒ Michel Lift
ⓓ William Rosto ⓔ Michel Patro **Ans. a**

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৩২. 'Poverty and Famines' গ্রন্থের রচয়িতা কে? [পিএসসি কর্তৃক নির্ধারিত ১২টি পদ : ০১]
ⓚ অমর্ত্য সেন ⓚ গুনার মিরডাল
ⓖ মাইকেল লিফট ⓖ উইলিয়াম রাস্টো উত্তর: ক

৩৩. অমর্ত্য সেনের মতে গণতান্ত্রিক দেশে যা থাকা কাম্য নয়। [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজবিজ্ঞান) : ০৫-০৬]
ⓚ স্বৈরাচার ⓚ সামরিক শাসন
ⓖ দুর্নীতি ⓖ দুর্ভিক্ষ উত্তর: ঘ

৩৪. অধ্যাপক অমর্ত্য সেন অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন কত সালে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০]
ⓚ ১৯৯৫ সালে ⓚ ১৯৯৬ সালে
ⓖ ১৯৯৭ সালে ⓖ ১৯৯৮ সালে উত্তর: ঘ

৩৫. কোন ক্ষেত্রে অবদানের জন্য অমর্ত্য সেনকে নোবেল পুরস্কার দেয়া হয়েছে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ০৩-০৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ⓚ উন্নয়ন অর্থনীতি ⓚ কল্যাণ অর্থনীতি
ⓖ আন্তর্জাতিক বাণিজ্য তত্ত্ব ⓖ মজুরি তত্ত্ব উত্তর: খ

৩৬. ভারতের নালন্দা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য— [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ⓚ অমর্ত্য সেন ⓚ সতীশচন্দ্র বিদ্যাভূষণ
ⓖ শ্রীনিবাস ⓖ পবিত্র সরকার উত্তর:
ব্যাখ্যা: ভারতের নালন্দা বিশ্ববিদ্যালয়ে বর্তমান উপাচার্য গোপা সাবহারওয়াল।

৩৭. নোবেল বিজয়ী প্রফেসর মুহাম্মদ ইউনূসের গ্রামের নাম কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (কেকলোর) : ০৭-০৮]
ⓚ বাথুয়া ⓚ বক্সির হাট
ⓖ জাবো ⓖ ফতেপুর উত্তর: ক

৩৮. 'সামাজিক ব্যবসা' ধারণাটির প্রবক্তা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী অফিসার : ১২/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ - ১১]
ⓚ মুহাম্মদ ইউনূস ⓚ অমর্ত্য সেন
ⓖ বিল ক্লিনটন ⓖ ফজলে হোসেন আবেদ উত্তর: ক

৩৯. ক্ষুদ্রঋণের প্রবর্তক কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (অবাণিজ্য) : ০৫-০৬]
ⓚ অমর্ত্য সেন ⓚ ড. মুহাম্মদ ইউনূস
ⓖ হিলারি ক্লিনটন ⓖ ফিন ফ্রিডল্যান্ড উত্তর: খ

৪০. Who developed the basic idea of micro-credit program for poverty alleviation in Bangladesh?/ দারিদ্র বিমোচনে ক্ষুদ্রঋণ কর্মসূচি ধারনার উদ্ভাবক কে? [Bangladesh Bank Asst. Director : 04]
ⓐ Muhammad Yunus ⓑ Fazle Hassan Abed
ⓒ Kazi Faruk ⓓ Whaiduddin Mahmud
ⓔ Saifur Rahman Ans. a

৪১. Who has been awarded Nobel Peace Prize in 2006?/ ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান কে? [Bangladesh Krishi Bank Ltd. Officer: 07]
ⓚ Dr. Youns ⓚ Dr. Mohammed Yunus
ⓖ Dr. Mohammad Younus ⓖ Dr. Mohammed Younus
ⓤ Dr. Mohammad younoos উত্তর: খ

Download More PDF @
www.BDNiyog.com

BCS Spotlight

Scanned by CamScanner

৪২. **Dr. Muhammad Yunus was awarded the Nobel Prize in which area?** [F... Bank Ltd. Assistant Officer : 10 / Pubali Bank Ltd. Senior Officer : 10 / Sadharan Bima Corporation Junior Officer : 09]

**Or,**

**ড. মুহাম্মদ ইউনূস কোন বিষয়ে নোবেল পুরস্কার পান?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓐ Economics (অর্থনীতি) ⓑ Micro Credit (ক্ষুদ্রঋণ)
ⓒ Peace (শান্তি) ⓓ Poverty Alleviation (দারিদ্র বিমোচন)
ⓔ None of them (কোনোটিই নয়)

**Ans. c**

৪৩. **নোবেল পুরস্কার বিজয়ী এশীয়দের মধ্যে অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের স্থান কততম?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ⓚ ২০তম ⓚh ২৫তম
ⓖ ২৮তম ⓖh ৩০তম

**উত্তর:**

৪৪. **দক্ষিণ এশিয়ার ড. ইউনূস শান্তিতে কততম নোবেল বিজয়ী?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭]

ⓚ প্রথম ⓚh দ্বিতীয়
ⓖ তৃতীয় ⓖh চতুর্থ

**উত্তর: খ**

৪৫. **২০০২ সালে মহাত্মা গান্ধী পুরস্কার পেলেন –** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ⓚ ব্র্যাক প্রাণপুরুষ আবেদ ⓚh হাঙ্গার প্রোজেক্টের বদিউল আলম
ⓖ কমি শামসুর রাহমান ⓖh ড. ইউনূস

**উত্তর: ঘ**

৪৬. **বাংলাদেশের যে নাগরিক যুক্তরাষ্ট্রের কনগ্রেশনাল গোল্ড মেডেল পেয়েছেন –** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]

ⓚ ড. দেবপ্রিয় ভট্টাচার্য ⓚh স্যার ফজলে হাসান আবেদ
ⓖ ড. মাকসুদুল আলম ⓖh ড. মুহাম্মাদ ইউনূস

**উত্তর: ঘ**

৪৭. **ইউরোপে কোন দেশে ড. মুহাম্মদ ইউনূসের সামাজিক ব্যবসায় কেন্দ্র স্থাপিত হচ্ছে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]

ⓚ লিথুনিয়া ⓚh আলবেনিয়া
ⓖ আর্মেনিয়া ⓖh রোমানিয়া

**উত্তর: ঘ**

৪৮. **ড. মুহাম্মদ ইউনূসের আত্মজীবনীমূলক গ্রন্থ কোনটি?** [আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]

ⓚ দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে ⓚh সচ্ছল বাংলাদেশের সন্ধানে
ⓖ স্বনির্ভর স্বদেশের সন্ধানে ⓖh দারিদ্র্যহীন বিশ্বের প্রয়াসে

**উত্তর: ক**

৪৯. **'দারিদ্র্যহীন বিশ্বের অভিমুখে' আত্মজীবনীমূলক গ্রন্থটি কার লেখা?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ⓚ শিরিন এবাদী ⓚh হানাহ আশরাফী
ⓖ হিলারি ক্লিনটন ⓖh ড. মুহাম্মদ ইউনূস
ⓤ মাদার তেরেসা

**উত্তর: ঘ**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner